

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ

(২০২২ইং সনের ৪৫০নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ১৯শে ডিসেম্বর, ২০২২খ্রিঃ তারিখ রোজ সোমবার হইতে ১লা জানুয়ারি, ২০২৩খ্রিঃ তারিখ রোজ রবিবার পর্যন্ত হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত অবকাশকালীন বেঞ্চ সংশোধনপূর্বক গঠন করা হইলঃ


১.

বিচারপতি মোঃ খসরুজ্জামান

এবং

বিচারপতি এ, কে, এম, রবিউল হাসান

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য অতীব জরুরী ভ্যাট, সম্পূরক শুদ্ধ, কাস্টমস ও ইনকামট্যাক্স সহ সকল প্রকার রীট মোশন ও তৎসংক্রান্ত শুনানী; ২০০৯ইং সনের ট্রেডমার্ক আইনের অধীনে আপীল; ১৯১১ইং সনের পেটেন্ট ও ডিজাইন আইনের ৫১(ক) এবং ২৬(খ), (গ), (ঘ) ও (ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুদ্ধ আইন, ২০১২ এর ১২৪ ধারা মোতাবেক রিভিশন/আপীল সহ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১-এর ধারা ৪২(১)(গ) ক্ষমতাবলে এ্যাপিলেট ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল; আয়কর রেফারেন্স মোকদ্দমা ও আয়কর সংক্রান্ত রীট; কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯-এর ধারা ১৯৬ডি অনুযায়ী আপীল শুনানী; হাইকোর্ট বিভাগ ও উহার অধীনস্থ আদালত সমূহের অবমাননার অভিযোগপত্র গ্রহণ করিবেন এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন।



প্রধান বিচারপতি

বাংলাদেশ

তারিখঃ ৮ই ডিসেম্বর, ২০২২ইং।

প্রচারের জন্যঃ-

১. বিচারপতি মোঃ খসরুজ্জামান
২. বিচারপতি এ, কে, এম, রবিউল হাসান